# এস এস সি পরীক্ষা ২০২১ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## হিসাববিজ্ঞান

বিষয় কোড: | ১ | ৪ | ৬ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। সকল প্রশ্নের মান সমান। ক বিভাগ থেকে ২টি এবং খ বিভাগ থেকে যেকোনো ৫টিসহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

### ক বিভাগ

১.▶ তানিয়া এন্ড কোং-এর ব্যবসায়ের সংঘটিত লেনদেনগুলোর আলোকে ২০১৭ সালের রেওয়ামিল ও অন্যান্য তথ্য নিম্নরূপ :

**তানিয়া এন্ড কোং**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর ২০১৭

| ক্রমিক নং | হিসাবের নাম | খ:পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | মজুদ পণ্য (১.১.২০১৭) | | ২০,০০০ | |
| ২. | আমদানি শুল্ক | | ৪,০০০ | |
| ৩. | পণ্য বিক্রয় | | | ১,৩০,০০০ |
| ৪. | ৬% প্রদত্ত ঋণ | | ১২,০০০ | |
| ৫. | ফেরত | | ৪,০০০ | ২,০০০ |
| ৬. | পণ্য ক্রয় | | ৯০,০০০ | |
| ৭. | শিক্ষানবিশ সেলামি | | | ৩,৫০০ |
| ৮. | দেনাদার | | ২২,০০০ | |
| ৯. | মজুরি | | ২,০০০ | |
| ১০. | মূলধন | | | ৯৬,০০০ |
| ১১. | কমিশন প্রদান | | ৫০০ | |
| ১২. | বেতন (১০ মাস) | | ৫,০০০ | |
| ১৩. | ঘরভাড়া | | ৭,০০০ | |
| ১৪. | অফিস সরঞ্জাম | | ১৫,০০০ | |
| ১৫. | নগদ তহবিল | | ৫০,০০০ | |
| | | | ২,৩১,৫০০ | ২,৩১,৫০০ |

Teachingbd24.com

অন্যান্য তথ্য : ১. সমাপনী মজুদ ৭২,০০০ টাকা, যার বাজারমূল্য ১০% বেশি। ২. বিজ্ঞাপনের উদ্দেশ্যে বিনামূল্যে পণ্য বিতরণ ৪,০০০ টাকা। ৩. মজুরি বকেয়া রয়েছে ৫০০, পক্ষান্তরে ঘরভাড়া অগ্রিম ১,০০০ টাকা। ৪. কুঋণ খরচ ৫০০ টাকা অবলোপন করো। অবশিষ্ট দেনাদারের ওপর ৫% হারে কুঋণ সঞ্চিতি সৃষ্টি করো। ৫. স্থায়ী সম্পত্তির ওপর ৭.৫% অবচয় ধার্য করো।

ক. তানিয়া এন্ড কোং-এর চলতি সম্পদের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত তথ্যাদির আলোকে তানিয়া এন্ড কোং-এর মোট মুনাফা নির্ণয় করো। ৪

গ. তানিয়া এন্ড কোং-এর ২০১৭ সালের বিশদ আয় বিবরণী প্রস্তুত করে পরিচালন মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো ৪

২.▶

**জনাব রফিক**

রেওয়ামিল

৩১ ডিসেম্বর ২০১৭

| ক্রমিক নং | হিসাবের নাম | খ:পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | ক্রয় ও বিক্রয় | | ৭৫,০০০ | ১,৭০,০০০ |
| ২. | উত্তোলন ও মূলধন | | ৪৫,০০০ | ১,০০,০০০ |
| ৩. | দেনাদার ও পাওনাদার | | ৪১,০০০ | ২১,০০০ |
| ৪. | ভাড়া | | ৩,০০০ | |
| ৫. | প্রাপ্য বিল ও প্রদেয় বিল | | ৩,০০০ | ৫,৫০০ |
| ৬. | কমিশন | | ২,৫০০ | ২০০ |
| ৭. | বেতন (৮ মাস) | | ১০,০০০ | |
| ৮. | স্থায়ী সম্পত্তি | | ৭০,০০০ | |
| ৯. | কুঋণ সঞ্চিতি | | | ১,৩০০ |
| ১০. | হাতে নগদ | | ৩২,৫০০ | |
| ১১. | ব্যবসায়িক বাট্টা | | ১,৫০০ | ৫০০ |
| ১২. | মজুদ পণ্য | | ২৪,৫০০ | |
| ১৩. | মজুরি | | ৩,০০০ | |
| ১৪. | সঞ্চয়পত্রের সুদ | | | ১২,৫০০ |
| | | | ৩,১১,০০০ | ৩,১১,০০০ |

https://teachingbd24.com

**সমন্বয়সমূহ:** ১. সমাপনী মজুদ পণ্যের মূল্য ২০,০০০ টাকা। ২. অলিখিত ক্রয় ২০,০০০ টাকা। ৩. মূলধনের ওপর ৫% সুদ ধরতে হবে। ৪. স্থায়ী সম্পত্তির অবচয় ৫% ধার্য করো। ৫. ১,০০০ টাকা দেনাদার দেউলিয়া হয়ে গেল।

ক. জনাব রফিকের নিট ক্রয়ের পরিমাণ কত? ২

খ. মোট মুনাফা ৭৮,০০০ টাকা ধরে নিট মুনাফা বা ক্ষতি নির্ণয় করো। ৪

গ. ৩১ ডিসেম্বর তারিখে জনাব রফিকের মোট সম্পদের পরিমাণ নির্ণয় করো। ৪

## খ বিভাগ

**৩.▶** মি. কার্তিক ২০১৭ সালের জুন ১ তারিখে ঢাকার ২৫, নিউমার্কেটে 'পদ্মা ট্রেডার্স' নামক একটি ফ্যাশন ব্যবসায় চালু করেন। তিনি উক্ত মাসের নিম্নলিখিত লেনদেন সম্পন্ন করেন।

১ জুন ২০১৭ তারিখে মেঘনা ট্রেডার্স, ৫ নরেশ রোড, পাবনা-এর নিকট বাকিতে কিছু পণ্য বিক্রয় করেন। ১০% কারবারি বাট্টায় প্রতিটি ১,০০০ টাকা দরে ১৫০ পিস শার্ট এবং প্রতিটি ১,২০০ টাকা দরে ২০০ পিস প্যান্ট।

১৫ জুন ২৫ পিস প্যান্ট ত্রুটিপূর্ণ হওয়ায় ক্রেতা তা ফেরত দেন।

ক. পদ্মা ট্রেডার্সের কারবারি বাট্টার পরিমাণ নির্ণয় করো। ২

খ. পদ্মা ট্রেডার্সের পক্ষে একটি চালান তৈরি করো। ৪

গ. মেঘনা ট্রেডার্সের পক্ষে একটি ডেবিট নোট তৈরি করো। ৪

**৪.▶** মি. শফিক একজন ব্যবসায়ী। ২০১৫ সালের জুন মাসে তার ব্যবসায়ে সংঘটিত ঘটনাসমূহ হচ্ছে:

| ২০১৫ | | |
|---|---|---|
| জুন | ১ | তিনি নগদ ১,৪০,০০০ টাকা ও ৬০,০০০ টাকা মূল্যের কম্পিউটার নিয়ে ব্যবসায় করেন। |
| " | ৫ | ৪০,০০০ টাকা মূল্যের পণ্য ক্রয়ের সিদ্ধান্ত নেয়া হলো। |
| " | ৮ | পণ্য বিক্রয় ২,৪০০ টাকা। |
| " | ১০ | মালিকের আত্মীয়ের বাড়িতে যাওয়ার ট্যাক্সি ভাড়া মালিক কর্তৃক প্রদান ৩০০ টাকা। |
| " | ১৫ | সুদ প্রাপ্তি ৪,০০০ টাকা। |
| " | ১৮ | মালিক কর্তৃক ব্যবসায় হতে নগদ উত্তোলন ১,২০০ টাকা। |
| " | ২৬ | চেকে ভাড়া প্রদান ৫,০০০ টাকা। |
| " | ৩০ | বেতন অপরিশোধিত ১০,০০০ টাকা। |

https://teachingbd24.com

ক. অনার্থিক ঘটনার পরিমাণ নির্ণয় করো। ২

খ. ৮ থেকে ১৮ তারিখের লেনদেনগুলোর হিসাব সমীকরণের উপাদানের ওপর প্রভাব নির্ণয় করো। ৪

গ. উপরোক্ত লেনদেনসমূহের সাথে সম্পর্কিত হিসাবসমূহের আধুনিক পদ্ধতিতে শ্রেণিবিভাগ দেখাও। ৪

৫.▶ জনাব রনি 'রনি এন্ড ব্রাদার্স' নামে একটি খুচরা ব্যবসায় প্রতিষ্ঠান চালু করেন। উক্ত প্রতিষ্ঠানে ২০১৪ সালের ডিসেম্বর মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| ডিসেম্বর | ১ | ব্যবসায়ে মূলধন আনয়ন ২,৫০,০০০ টাকা। |
| " | ৩ | ব্যবসায়ের জন্য দালান ক্রয় ৮,০০,০০০ টাকা। |
| " | ৫ | পাঁচ বছরের জন্য ইজারা সম্পত্তি গ্রহণ ৩,০০,০০০ টাকা। |
| " | ৯ | ব্যাংক হতে ঋণ গ্রহণ ১,২০,০০০ টাকা। |
| " | ১৫ | আসবাবপত্রের অবচয় ধার্য করা হলো ৮,০০০ টাকা। |
| " | ১৭ | পুরাতন আলমারি বিক্রয় ১৬,০০০ টাকা। |
| " | ২০ | মূলধনের সুদ প্রদান ৬,০০০ টাকা। |
| " | ২৪ | ব্যবহারের জন্য মেশিন ক্রয় ৮০,০০০ টাকা। |
| " | ২৯ | সঞ্চয়পত্র ভাঙানো হলো ১,১০,০০০ টাকা। |
| " | ৩১ | যন্ত্রপাতি আনার জন্য রেল ভাড়া প্রদান ১০,০০০ টাকা। |

ক. উপর্যুক্ত তথ্য হতে মুনাফা জাতীয় লেনদেনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. লেনদেনসমূহ হতে মোট মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় করো। ৪

গ. রনি এন্ড ব্রাদার্সের ২০১৪ সালের মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

৬.▶ মি. জাবেদ ২০১৪ সালের জুলাই মাসের ১ তারিখের নগদ ৩০,০০০ টাকা, ১০,০০০ টাকার পণ্যদ্রব্য ও ১০,০০০ টাকা ঋণ নিয়ে ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার অন্যান্য লেনদেনগুলো নিম্নরূপ:

২০১৪

| | | |
|---|---|---|
| জুলাই | ২ | ৫% বাট্টায় ১২,০০০ টাকার পণ্য ক্রয়। |
| " | ৫ | বাট্টা প্রাপ্তি ৫০০ টাকা। |
| " | ১২ | আয়কর প্রদান করা হলো ২,০০০ টাকা। |

https://teachingbd24.com

” ১৫ মালিকের ব্যক্তিগত অর্থ দ্বারা ব্যবসায়ের জন্য একটি কম্পিউটার ক্রয় ৩০,০০০ টাকা।

” ২০ ঋণ পরিশোধ করা হলো ৫,০০০ টাকা।

” ৩০ মালিকের জন্য চেক কাটা হলো ৪,০০০ টাকা।

ক. মি. জাবেদের মোট মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ১, ৫, ১৫ ও ৩০ তারিখের লেনদেনগুলো সাধারণ জাবেদায় লিপিবদ্ধ করো। ৪

গ. মি. জাবেদের খতিয়ান বইতে নগদান হিসাব, ক্রয় হিসাব ও মূলধন হিসাব চলমান জের পদ্ধতিতে প্রস্তুত করো। ৪

**৭.▶** ২০১৫ সালের জানুয়ারি মাসের সাকিবের ব্যবসায়ের লেনদেনগুলো নিম্নরূপ:

২০১৫

জানু. ১ নগদ তহবিল ৫২,০০০ টাকা, ব্যাংক উদ্বৃত্ত (ক্রে.) ৪০,০০০ টাকা।

” ৫ অফিস সাপ্লাইজ ক্রয় ১২,০০০ টাকা।

” ৭ বিক্রয় করা হল ১০,০০০ টাকা।

” ১০ বিনিয়োগের সুদ পাওয়া গেল ৮,০০০ কাটা।

” ২৫ ব্যাংকে জমা দেয়া হল ২০,০০০ টাকা।

” ২৯ কমিশন প্রদান নগদে ৫,০০০ টাকা, চেকে ৪,০০০ টাকা।

” ৩১ মনিহারি ক্রয় ৩,০০০ টাকা।

ক. জনাব সাকিবের একটি নগদ প্রাপ্তি জাবেদা তৈরি করো। ২

খ. জনাব সাকিবের একটি নগদ প্রদান জাবেদা তৈরি করো। ৪

গ. জনাব সাকিবের একটি উপযুক্ত নগদান বই প্রস্তুত করো। ৪

**৮.▶** রূপসা ট্রেডার্স এর ২০১৬ সালের ৩০ জুন তারিখের খতিয়ান উদ্বৃত্ত নিম্নরূপ:

মূলধন ৬৪,০০০ টাকা, বকেয়া বেতন ২,০০০ টাকা, বহিঃফেরত ৩,০০০ টাকা, উত্তোলন ৫,০০০ টাকা, অনাদায়ী পাওনা ২,৫০০ টাকা, মূলধনের সুদ ৩,০০০ টাকা, ক্রয় ৬৭,০০০ টাকা, শিক্ষানবিশ সেলামি ৪,০০০ টাকা, পাওনা ৩৬,০০০ টাকা, অগ্রিম ভাড়া ৪,৫০০ টাকা, মজুদ পণ্য (১.৭.১৫) ১২,০০০ টাকা, হাতে নগদ (১.৭.১৫) ২২,০০০ টাকা, ব্যাংক জমা (৩০.৬.১৬) ৭৪,০০০ টাকা, বিক্রয় ৯৪,০০০ টাকা, ৬% ঋণ ৪৫,০০০ টাকা, মজুদ পণ্য (৩০.৬.১৬) ২১,০০০ টাকা, বেতন ২৫,০০০ টাকা, প্রদেয় বিল ২৩,০০০ টাকা,

Teachingbd24.com

https://teachingbd24.com

বাট্টা প্রাপ্তি ১,২০০ টাকা, বিজ্ঞাপন ৫,০০০ টাকা, অবচয় ২,০০০ টাকা।

ক. রূপসা ট্রেডার্সের সমন্বিত ক্রয় নির্ণয় করো। ২

খ. ৩০ জুন ২০১৬ তারিখে মোট সম্পদ ও মোট দায় নির্ণয় করো। ৪

গ. রূপসা ট্রেডার্সের হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাই করো। ৪

৯.▶ আদ্রিতা ম্যানুফ্যাকচারিং কোম্পানী লি.-এর ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের নিম্নোক্ত তথ্যাদি বিদ্যমান :

তৈরী পণ্য (প্রারম্ভিক) ১২,০০০ টাকা; তৈরী পণ্য (সমাপনী) ৯,০০০ টাকা; চলতি কার্য (০১.০১.১৪) ৪,৫০০ টাকা; চলতি কার্য (৩১.১২.১৪) ২,৯০০ টাকা; প্রারম্ভিক কাঁচামাল ১৫,০০০ টাকা; কাঁচামাল ক্রয় ৬০,০০০ টাকা; সমাপনী কাঁচামাল ৬,০০০ টাকা; প্রত্যক্ষ মজুরি ৪২,০০০ টাকা; প্রত্যক্ষ খরচ ৮,৫০০ টাকা; কারখানা ভাড়া ১১,০০০ টাকা; মেরামত ৩,৫০০ টাকা; পরোক্ষ কাঁচামাল ৪,০০০ টাকা; যন্ত্রপাতির অবচয় ৮,০০০ টাকা; অফিস ভাড়া ৮,০০০ টাকা; মনিহারী ২,২০০ টাকা; বিক্রয়কর্মীর কমিশন ১০,০০০ টাকা; কুঋণ ১,৮০০ টাকা এবং বিক্রয় ৩,০০,০০০ টাকা।

ক. মুখ্য ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. কারখানা ব্যয়, উৎপাদিত পণ্যের ব্যয় ও বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. আয় বিবরণী ব্যবহার করে নিট লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

১০.▶ জোনাকি ট্রেডার্স-এর ২০১৫ সালের জানুয়ারি মাসের লেনদেনগুলো নিম্নে উল্লেখ করা হলো :

২০১৫

| | | |
|---|---|---|
| জানুয়ারি | ১ | নগদ ৫,৫০,০০০ টাকা, ৭৫,০০০ টাকার টেবিল, চেয়ার ও আলমারি এবং ২০,০০০ টাকার পাওনাদার নিয়ে ব্যবসায় আরম্ভ করলো। |
| ” | ৮ | “মাসুম ট্রেডার্স” রাজবাড়ীর, থেকে ৫০,০০০ টাকার চাল ক্রয়, বহন খরচ ৫০০ টাকা। চালান নং-৩৫৫, শর্ত ৩/১০, নিট-৩০। |
| ” | ১৫ | “রাবেয়া ট্রেডার্স” দিনাজপুর, থেকে প্রতি কেজি ৩৫ টাকা দরে ৫০০ কেজি চাল ক্রয়। চালান নং-১০০, কুলি খরচ ৭৫০ টাকা, শর্ত-২/৭, নিট-৩০। |
| ” | ৩০ | ব্যাংক জমার সুদ দিল ২,৮০০ টাকা। |

Teachingbd24.com

ক. ক্রয় সংক্রান্ত আনুষঙ্গিক খরচের পরিমাণ কত? ২

খ. ২০১৪ সালের জানুয়ারি মাসের লেনদেনের ভিত্তিতে ঝুমু ট্রেডার্সের ক্রয় জাবেদা প্রস্তুত করো। ৪

গ. জানুয়ারি ০১ ও ৩০ তারিখের লেনদেনগুলো সাধারণ জাবেদায় লিপিবদ্ধ করো। ৪

১১.▶ ১ জানুয়ারি ২০১৫ তারিখে জনাব বাবুলের পারিবারিক অবস্থা নিম্নরূপ ছিল :

হাতে নগদ ২০,০০০ টাকা; গহনাপত্র ৪০,০০০ টাকা; তৈজসপত্র ২৫,০০০ টাকা; ফ্ল্যাটবাড়ি ৫,০০,০০০ টাকা; গৃহ নির্মাণ ঋণ ৩,০০,০০০ টাকা।

**জনাব বাবুল**

**প্রাপ্তি ও প্রদান হিসাব**

৩১ ডিসেম্বর, ২০১৫ তারিখে সমাপ্ত বছরের

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| হাতে নগদ (০১-০১-১৫) | ২০,০০০ | খাদ্য শস্য ক্রয় | ৭০,০০০ |
| বেতন | ২,৪০,০০০ | মাছ, মাংস ও ডিম | ২৫,০০০ |
| ঋণ গ্রহণ | ৪০,০০০ | তরিতরকারি | ৫,০০০ |
| লটারি হতে অর্থ প্রাপ্তি | ২০,০০০ | ফলমূল ক্রয় | ৫,০০০ |
| | | স্কুল কলেজের বেতন | ১৫,০০০ |
| | | শিক্ষকের বেতন | ৬,০০০ |
| | | কাগজ, খাতা, বই | ৪,০০০ |
| | | বিবিধ খরচ | ১০,০০০ |
| | | ব্যাংকে স্থায়ী আমানত | ৭০,০০০ |
| | | উদ্বৃত্ত | ১,১০,০০০ |
| | ৩,২০,০০০ | | ৩,২০,০০০ |

ক. অনিয়মিত প্রাপ্তির পরিমাণ নির্ণয় করো। ২

খ. জনাব বাবুলের আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ. জনাব বাবুলের খাদ্য ও শিক্ষা খাতে ব্যয় মোট ব্যয়ের শতকরা কত ভাগ তা নির্ণয় করো। ৪

https://teachingbd24.com

# উত্তরমালা

১. ক. মোট চলতি সম্পদের পরিমাণ ১,৪৪,১৪৫ টাকা। খ. মোট মুনাফা ৮৭,৫০০ টাকা। গ. পরিচালন মুনাফার পরিমাণ ৬৮,৩০০ টাকা।

২. ক. নিট ক্রয়ের পরিমাণ ৯৪,৫০০ টাকা। খ. নিট মুনাফা ৬২,০০০ টাকা। গ. মোট সম্পদের পরিমাণ ১,৬২,০০০ টাকা।

৩. ক. মোট কারবারি বাট্টা ৩৯,০০০ টাকা।

৪. ক. মোট অনার্থিক ঘটনার পরিমাণ ৪০,৩০০ টাকা।

৫. ক. মুনাফা জাতীয় লেনদেনের পরিমাণ ১৪,০০০ টাকা। খ. মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ ৪,৯৬,০০০ টাকা। গ. মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ ১১,৯০,০০০ টাকা।

৬. ক. মোট মূলধনের পরিমাণ ৭০,০০০ টাকা। খ. জাবেদার যোগফল ৮৪,৫০০ টাকা। গ. নগদান হিসাবের (ডেবিট) জের ২১,৬০০ টাকা; ক্রয় হিসাবের (ডেবিট) জের ২১,৪০০ টাকা এবং মূলধন হিসাবের (ক্রেডিট) জের ৭০,০০০ টাকা।

৭. ক. নগদ প্রাপ্তি জাবেদার যোগফল ১৮,০০০ টাকা। খ. নগদ প্রদান জাবেদার যোগফল ২৪,০০০ টাকা। গ. নগদ জমার উদ্বৃত্ত ৩০,০০০ টাকা এবং ব্যাংক জমাতিরিক্ত ২৪,০০০ টাকা।

৮. ক. সমন্বিত ক্রয়ের পরিমাণ ৫৫,০০০ টাকা। খ. মোট সম্পদ ১,৩৫,৫০০ টাকা এবং মোট দায় ৭০,০০০ টাকা। গ. রেওয়ামিলের যোগফল ২,৩৬,২০০ টাকা এবং অনিশ্চিত হিসাব ২০০ টাকা।

৯. ক. মুখ্য ব্যয় ১,১৯,৫০০ টাকা। খ. কারখানা ব্যয় ১,৪৬,০০০ টাকা; উৎপাদিত পণ্যের ব্যয় ১,৪৭,৬০০ টাকা; বিক্রীত পণ্যের ব্যয় ১,৫০,৬০০ টাকা। গ. নিট লাভ ১,২৭,৪০০ টাকা।

১০. ক. ক্রয় সংক্রান্ত আনুষঙ্গিক খরচ ১,২৫০ টাকা। খ. ক্রয় জাবেদার যোগফল ৬৮,৭৫০ টাকা। গ. জাবেদার যোগফল ৬,৪৭,৮০০ টাকা।

১১. ক. মোট অনিয়মিত প্রাপ্তির পরিমাণ ৬০,০০০ টাকা। খ. আয়ের উদ্বৃত্ত ১,০০,০০০ টাকা। গ. খাদ্য ও শিক্ষা খাতে ব্যয় মোট ব্যয়ের হার ৯২.৮৬%।

https://teachingbd24.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট  পূর্ণমান — ৩০  বিষয় কোড: | ১ | ৪ | ৬ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. হিসাববিজ্ঞানের প্রধান উদ্দেশ্যে কোনটি?
ক মুনাফা নির্ধারণ  খ প্রতিবেদন প্রস্তুতকরণ
গ ফলাফল নির্ধারণ  ঘ লিপিবন্ধকরণ

২. সভ্যতার সূচনালগ্নে মানুষ হিসাব রাখত কীভাবে?
ক ঘরে দাগ কেটে
খ পাথরে চিহ্ন দিয়ে
গ মাটির দেয়ালে রং দিয়ে
ঘ রশিতে গিট দিয়ে

**উদ্দীপকটি পড়ো এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব কামাল ৫০,০০০ টাকার পণ্য বাকিতে বিক্রয় করেন। বিক্রয়ের ওপর বাট্টার হার ছিল ১০%। বিক্রীত পণ্যের প্যাকিং খরচ ছিল ৫০০ টাকা।

৩. নিট বিক্রয়ের পরিমাণ কত ছিল?
ক ৫০,০০০ টাকা  খ ৪৫,০০০ টাকা
গ ৪৫,৫০০ টাকা  ঘ ৪৮,০০০ টাকা

৪. দেনাদার হতে পাওনা অর্থের পরিমাণ কত হবে?
ক ৪৫,০০০ টাকা  খ ৫০,০০০ টাকা
গ ৪৫,৫০০ টাকা  ঘ ৫০,৫০০ টাকা

৫. কোনটির নামে হিসাব লেখা হয় না—
i. পণ্য  ii. মালিক
iii. চেক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও ii
গ ii ও iii  ঘ i, ii ও iii

৬. পরোক্ষ খরচের মাধ্যমে পণ্যকে কী করা হয়?
ক ব্যবহার উপযোগী  খ বিক্রয় উপযোগী
গ রূপান্তরিত  ঘ গুণে ও মানে উন্নীত

৭. মোট লাভ বিক্রয়মূল্যের ৭½% । মোট লাভ ৭,৫০০ টাকা হলে বিক্রয়মূল্য কত?
ক ১,০০,০০০ টাকা
খ ১,২৫,০০০ টাকা
গ ১,৫০,০০০ টাকা
ঘ ১,৭৫,০০০ টাক

৮. ২০১৬ সালে ভাড়া প্রাপ্তি ৫,০০০ টাকা, যার মধ্যে ২০১৫ সালের ২,২০০ টাকা এবং ২০১৭ সালের ৮০০ টাকা ভাড়া অন্তর্ভুক্ত আছে। মুনাফা জাতীয় আয় কত?
ক ৩,২০০ টাকা  খ ৪,২০০ টাকা
গ ২,৮০০ টাকা  ঘ ২,০০০ টাকা

৯. মুনাফা জাতীয় ব্যয়ের যতটুকু অংশ পরবর্তী বছরের; তাকে কী বলা হয়?
ক সম্পদ  খ দায়
গ আয়  ঘ ব্য

১০. বিকাশ ব্রাদার্স-এর মোট মুনাফা হওয়া সত্ত্বেও নিট ক্ষতি হওয়ার কারণ কী?
ক খরচ বৃদ্ধি  খ সম্পদ বৃদ্ধি
গ খরচ হ্রাস  ঘ সম্পদ হ্রাস

১১. মি. মতিনের ২০১৪ সালের ব্যবসায়ের নিট মুনাফা ২০,০০০ টাকা, আসবাবপত্র ১,৩০,০০০ টাকা ও পাওনাদার ৩০,০০০ টাকা হলে বিনিয়োজিত মূলধনের ওপর মুনাফার হার কত?
ক ১০%  খ ১৫%
গ ১৮%  ঘ ২০

১২. প্রত্যক্ষ পরিচালন ব্যয়গুলো হলো—
i. ক্রয়
ii. আমদানি শুল্ক
iii. মজুরি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

১৩. নগদান বইয়ের জের বের করতে হয় কিসের ভিত্তিতে?
ক দৈনিক  খ সাপ্তাহিক
গ মাসিক  ঘ বাৎসরিক

১৪. রহিম ট্রেডার্সের কাছ থেকে জনাব সালাম ৪/১০, ৩০ শর্তে ৭৫,২৫০ টাকার পণ্য ক্রয় করেন। যদি সালাম ১০ দিনের মূল্য পরিশোধ করতে পারেন তাহলে তাকে কত টাকা প্রদান করতে হবে?
ক ৭২,২৪০ টাকা  খ ৭২,৪০০ টাকা
গ ৭৭,২০০ টাকা  ঘ ৭৭,৬০০ টাকা

১৫. ব্যবসায়ের মোট সম্পদের ওপর তৃতীয় পক্ষের দাবিকে কী বলে?
ক ব্যয়  খ স্বত্বাধিকার
গ মালিকানা স্বত্ব  ঘ দায়

**উদ্দীপকটি পড়ো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব X-এর ব্যবসায়ে সমাপনী মূলধন ১,০০,০০০ টাকা, উত্তোলনের পরিমাণ ৫০,০০০ টাকা, অতিরিক্ত মূলধন ৪০,০০০ টাকা, প্রারম্ভিক মোট সম্পত্তি ১০,০০,০০০ টাকা ও প্রারম্ভিক মোট দায় ৮,০০,০০০ টাকা ছিল।

১৬. জনাব X-এর ব্যবসায়ে নিট লাভ বা ক্ষতির পরিমাণ কত?
ক ৯০,০০০ টাকা  খ ১,১০,০০০ টাকা
গ ১,৪০,০০০ টাকা  ঘ ১,৫০,০০০ টাকা

Teachingbd24.com
https://teachingbd24.com

১৭. জনাব X-এর প্রারম্ভিক মূলধনের পরিমাণ কত?
ⓚ ১,০০,০০০ টাকা ⓛ ১,৫০,০০০ টাকা
ⓜ ২,০০,০০০ টাকা ⓝ ৮,০০,০০০ টাক

১৮. বি/ডি বলতে কী বোঝায়?
ক নিচে নীত খ পেছন থেকে আনীত
গ উপর থেকে আনীত ঘ সম্মুখে নীত

১৯. নিম্নের কোনটি মূল হিসাব?
ক ক্রয় হিসাব খ ক্রয় ফেরত হিসাব
গ মূলধন হিসাব ঘ দেনাদার হিসাব

২০. জনাব সামিন ১,০০,০০০ টাকার পণ্য ক্রয় করে তার ৫০% নগদ ও ৪০% চেকে পরিশোধ করল। ক্রয় বইতে কত টাকা লিপিবদ্ধ করতে হবে?
ক ১,০০,০০০ টাকা খ ৯০,০০০ টাকা
গ ৪০,০০০ টাকা ঘ ১০,০০০টাক

২১. বর্তমান বছরের বকেয়া আয় বা ব্যয় কোন হিসাব/বিবরণী বহির্ভূত?
ক প্রাপ্তি ও প্রদান হিসাব
খ আয়-ব্যয় বিবরণী
গ আর্থিক অবস্থার বিবরণী
ঘ লাভ-ক্ষতি বিবরণী

২২. প্রকৃত আয় থেকে ব্যয় বেশি হলে কী হবে?
ক ঘাটতি বাজেট খ উদ্বৃত্ত বাজেট
গ সুসম্মত বাজেট ঘ সম্পূরক বাজেট

২৩. 'T' ছকে হিসাবের উদ্বৃত্ত কখন নির্ণয় করা হয়?
ক সপ্তাহান্তে
খ মাসান্তে
গ নির্দিষ্ট সময় পর পর
ঘ বছরান্তে

২৪. পেপার ওয়েট ও পাঞ্চিং মেশিন ক্রয় কোন হিসাবে লিপিবদ্ধ হবে?
ক মনিহারি হিসাব
খ অফিস সরঞ্জাম হিসাব
গ বিবিধ সরঞ্জাম হিসাব
ঘ অফিস সাপ্লাইজ হিসাব

২৫. রেওয়ামিলের ক্রেডিট দিকে লিপিবদ্ধ হবে—
i. উত্তোলন ii. মূলধন
iii. ক্রয় ফেরত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও।
মীম এন্টারপ্রাইজ অফিসে ব্যবহারের জন্য ৫০,০০০ টাকার আসবাবপত্র ক্রয় করে তা ভুলবশত ক্রয় হিসাবে লিপিবদ্ধ করে।

২৬. উদ্দীপকে কোন ধরনের ভুল সংঘটিত হয়েছে?
ক পরিপূরক খ নীতিগত
গ বেদাখিলার ঘ লেখার

২৭. উক্ত ভুলের সংশোধনী জাবেদা দাখিলা কোনটি?
ক নগদান হিসাব ডেবিট
আসবাবপত্র হিসাব ক্রেডিট
খ আসবাবপত্র হিসাব ডেবিট
নগদান হিসাব ক্রেডিট
গ ক্রয় হিসাব ডেবিট
আসবাবপত্র হিসাব ক্রেডিট
ঘ আসবাবপত্র হিসাব ডেবিট
ক্রয় হিসাব ক্রেডি

২৮. 'সঠিক কর নির্ধারণ' দুতরফা দাখিলা পদ্ধতির কী হিসেবে গণ্য?
ক বৈশিষ্ট্য খ অসুবিধা
গ সুবিধা ঘ নীতিমালা

২৯. হিসাব চক্রের 'সমন্বয় দাখিলা' ধাপটি কোনটির পরে আসে?
ক রেওয়ামিল
খ কার্যপত্র
গ সমাপনী দাখিলা
ঘ খতিয়ান

৩০. মি. সজীব ৫০,০০০ টাকার আসবাবপত্র বিক্রয়ের উদ্দেশ্যে ধারে ক্রয় করেন। এ লেনদেনটির দ্বারা কারবারের—
i. খরচ বৃদ্ধি পেয়েছে
ii. সম্পদ বৃদ্ধি পেয়েছে
iii. দায় বৃদ্ধি পেয়েছে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | খ | ৩ | খ | ৪ | ক | ৫ | ঘ | ৬ | খ | ৭ | ক | ৮ | ঘ | ৯ | ক | ১০ | ক | ১১ | ঘ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | ঘ |
| | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | ঘ | ২১ | ক | ২২ | ক | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | খ |

https://teachingbd24.com